আজকের কাগজ

তারিখ 04 OCT 1995
পৃষ্ঠা ৬ কলাম ৮

71

# নবগঠিত চট্টগ্রাম বোর্ডের এসএসসি পরীক্ষা অনুষ্ঠান অনিশ্চিত

**চট্টগ্রাম প্রতিনিধিঃ** নবগঠিত চট্টগ্রাম শিক্ষাবোর্ডের অধীনে ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষা অনুষ্ঠান অনিশ্চিত হয়ে পড়েছে। এর ফলে চট্টগ্রাম মহানগর ও জেলাসহ কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, ফেনী জেলার এসএসসি পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে সংশয় দেখা দিয়েছে। উল্লেখ্য, সরকার প্রাথমিকভাবে নাম মাত্র আসবাবপত্র, গুটি কয়েক কর্মচারি, একজন চেয়ারম্যান নিযুক্তির মাধ্যমে চলতি বছরের মার্চ মাস থেকে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের কার্যক্রম শুরু করলেও কার্যত তা বাস্তবে রূপ লাভ করেনি। ফলে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের কার্যক্রম চালু করার প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতিটি বাস্তবে মুখ থুবড়ে পড়েছে।

সূত্রমতে, নগরীর আমবাগানে গত মার্চ থেকে একটি ছোট্ট বাড়িতে প্রাথমিকভাবে শিক্ষাবোর্ডের কার্যক্রম শুরু হয়। কিন্তু পর্যাপ্ত জায়গার অভাবে এখানে প্রয়োজনীয় কাগজপত্র ফাইল, আসবাব রাখা সম্ভব হচ্ছে না। এ ভবনের অন্য কাজগুলো স্থানীয় কতিপয় সরকারি কর্মকর্তা-কর্মচারিদের আবাসনের জন্যে বরাদ্দ থাকায় বোর্ড কার্যক্রমে মারাত্মক ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। বোর্ড চেয়ারম্যান অধ্যাপক এএম আহসান উল্লাহ প্রথমে ডিডিপিআই অফিসের একটি কক্ষে বসতেন। এবং ডিডিপিআ-এর বাড়ি ব্যবহার করতেন। বোর্ডের সংশ্লিষ্ট একটি সূত্রের মতে, বোর্ডের কার্যক্রম পুরোপুরি চালু করতে হলে এর জন্যে সুপারিশ একটি ভবন, প্রয়োজনীয় আসবাবপত্র প্রদান জরুরি। সূত্র আরো জানান, দেশের অন্যান্য বোর্ডে ইতিমধ্যে আসন্ন এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র তৈরি শেষ করেক প্রিন্টিং-এর জন্যে দেয়া হলেও চট্টগ্রাম বোর্ডের ক্ষেত্রে এখনো তা সম্ভব হয়নি।